কমলা-খ শ্রেণির শিল্প প্রতিষ্ঠান/ প্রকল্পের ক্ষেত্রে অবস্থানগত/ পরিবেশগত ছাড়পত্র/ নবায়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

**(হোটেল, বহুতলাবিশিষ্ট বাণিজ্যিক ও অ্যাপার্টমেন্ট ভবন এবং ইটভাটা ব্যতীত)*

(ক) প্রস্তাবিত প্রতিষ্ঠান: (অবস্থানগত ছাড়পত্র)

অ. আবশ্যিক কাগজপত্র:

১. নির্ধারিত ফরমে আবেদন (ফরম-৩) ও অনলাইনে আবেদন (ecc.doe.gov.bd);
২. পরিবেশগত ছাড়পত্র ফি এবং ভ্যাট;
৩. উদ্যোক্তার জাতীয় পরিচয়পত্র;
৪. প্রকল্প এলাকার সাধারণ ম্যাপ;
৫. প্রকল্প কেন্দ্রিক সাইটের ছবি;
৬. সাইট লোকেশন ম্যাপ *(চৌহদ্দী ও আশেপাশের উল্লেখযোগ্য স্থাপনা, রাস্তাঘাট চিহ্নিতকরণসহ দূরত্ব নির্দেশিত লোকেশন ম্যাপ)*;
৭. কারখানার লে-আউট প্ল্যান;
৮. যথাযথভাবে পূরণকৃত আইইই চেকলিস্ট;
৯. প্রসেস ফ্লো-ডায়াগ্রামসহ উৎপাদন প্রক্রিয়ার বিস্তারিত বিবরণ;
১০. নির্ধারিত ফরম্যাটে স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;
১১. জমির মালিকানা দলিল এবং খতিয়ান/ ভাড়ার চুক্তিপত্র/ প্লট বরাদ্দপত্র;
১২. শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থান চিহ্নিতপূর্বক দাগ নম্বরসহ পূর্ণাঙ্গ মৌজা ম্যাপ;
১৩. শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের বিনিয়োগ বিভাজন/ BIDA/ BSCIC / বস্ত্র অধিদপ্তরের নিবন্ধনপত্র।

আ. প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্র:

১. তরল বর্জ্য পরিশোধনাগার বা ইটিপি’র Schematic diagram, ড্রইং, ডিজাইন এবং ক্যালকুলেশন;
২. সেপটিক ট্যাংক ও সোকওয়েল/ পয়বর্জ্য পরিশোধনাগার বা এসটিপি’র Schematic diagram, ড্রইং, ডিজাইন এবং ক্যালকুলেশন;
৩. পরিশোধিত তরল বর্জ্য কোথায়, কীভাবে অপসারিত হবে তার ড্রেনেজে লে-আউট প্ল্যান;
৪. বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বিবরণ;
৫. শব্দদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বিবরণ;
৬. বিপজ্জনক বর্জ্য (Hazardous waste) ও স্লাজ ব্যবস্থাপনার বিবরণ;
৭. সাধারণ কঠিন বর্জ্য ব্যবস্থাপনার বিবরণ;
৮. ফোরশোর ব্যবহারের ক্ষেত্রে বি.আই.ডব্লিউ.টি.এ/ বন্দর কর্তৃপক্ষের অনুমতিপত্র;
৯. প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্র।

(খ) পরিবেশগত ছাড়পত্র (অবস্থানগত ছাড়পত্র পাওয়ার পর)

১. অনলাইনে আবেদন (ecc.doe.gov.bd);
২. অবস্থানগত ছাড়পত্র নবায়ন ফি এবং ভ্যাট *(প্রযোজ্য ক্ষেত্রে);*
৩. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের লাইসেন্স;
৪. অবস্থানগত ছাড়পত্রের শর্তের পরিপ্রেক্ষিতে প্রদেয় কাগজপত্রসমূহ, যেমন:
   - বিস্ফোরক অধিদপ্তরের লাইসেন্স;
   - ট্রেড লাইসেন্স;
   - প্রাণিসম্পদ অধিদপ্তরের লাইসেন্স

(গ) বিদ্যমান প্রতিষ্ঠান: (পরিবেশগত ছাড়পত্র)

অ. আবশ্যিক কাগজপত্র:

১. নির্ধারিত ফরমে আবেদন (ফরম-৩) ও অনলাইনে আবেদন (ecc.doe.gov.bd);
২. পরিবেশগত ছাড়পত্র ফি এবং ভ্যাট;
৩. উদ্যোক্তার জাতীয় পরিচয়পত্র;
৪. প্রকল্প এলাকার সাধারণ ম্যাপ;
৫. প্রকল্প কেন্দ্রিক সাইটের ছবি;
৬. সাইট লোকেশন ম্যাপ *(চৌহদ্দী ও আশেপাশের উল্লেখযোগ্য স্থাপনা, রাস্তাঘাট চিহ্নিতকরণসহ দূরত্ব নির্দেশিত লোকেশন ম্যাপ)*;
৭. কারখানার লে-আউট প্ল্যান;
৮. যথাযথভাবে পূরণকৃত ইএমপি চেকলিস্ট;
৯. প্রসেস ফ্লো-ডায়াগ্রামসহ উৎপাদন প্রক্রিয়ার বিস্তারিত বিবরণ;
১০. নির্ধারিত ফরম্যাটে স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;
১১. জমির মালিকানা দলিল এবং খতিয়ান/ ভাড়ার চুক্তিপত্র/ প্লট বরাদ্দপত্র;
১২. শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থান চিহ্নিতপূর্বক দাগ নম্বরসহ পূর্ণাঙ্গ মৌজা ম্যাপ;
১৩. শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের বিনিয়োগ বিভাজন/ BIDA/ BSCIC / বস্ত্র অধিদপ্তরের নিবন্ধনপত্র;
১৪. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের লাইসেন্স;

আ. প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্র:

১. তরল বর্জ্য পরিশোধনাগার বা ইটিপি'র Schematic diagram, ড্রইং, ডিজাইন, ক্যালকুলেশন এবং পরিশোধিত তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান পরীক্ষার ফলাফল;
২. সেপটিক ট্যাংক ও সোকওয়েল/ পয়বর্জ্য পরিশোধনাগার বা এসটিপি'র Schematic diagram, ড্রইং, ডিজাইন, ক্যালকুলেশন এবং পরিশোধিত তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান পরীক্ষার ফলাফল;
৩. পরিশোধিত তরল বর্জ্য কোথায়, কীভাবে অপসারিত হয় তার ড্রেনেজে লে-আউট প্ল্যান;
৪. বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বিবরণ (বায়ুর গুণগতমান পরীক্ষার ফলাফলসহ);
৫. শব্দদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বিবরণ (শব্দের মাত্রা পরীক্ষার ফলাফলসহ);
৬. বিপজ্জনক বর্জ্য (Hazardous waste) ও স্লাজ ব্যবস্থাপনার বিবরণ;
৭. সাধারণ কঠিন বর্জ্য ব্যবস্থাপনার বিবরণ;
৮. ফোরশোর ব্যবহারের ক্ষেত্রে বি.আই.ডব্লিউ.টি.এ/ বন্দর কর্তৃপক্ষের অনুমতিপত্র;
৯. বিস্ফোরক অধিদপ্তরের লাইসেন্স;
১০. ট্রেড লাইসেন্স;
১১. প্রাণিসম্পদ অধিদপ্তরের লাইসেন্স;
১২. বি.এস.টি.আই-এর লাইসেন্স;
১৩. প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্র।

কমলা-খ শ্রেণির শিল্প প্রতিষ্ঠান/ প্রকল্পের
অবস্থানগত/ পরিবেশগত ছাড়পত্রের অভিন্ন শর্তসমূহ

*(হোটেল, বহুতলাবিশিষ্ট বাণিজ্যিক ও অ্যাপার্টমেন্ট ভবন এবং ইটভাটা ব্যতীত)

কমলা-খ শ্রেণির শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে অবস্থানগত ছাড়পত্র

(ক) বিশেষ শর্তসমূহ:

১. এই ছাড়পত্র নিম্নবর্ণিত তফসিলভুক্ত জমিতে স্থাপিত শিল্প কারখানা/ প্রকল্পের জন্য প্রযোজ্য:

মৌজার নাম	দাগ নম্বর (সি.এস/ আর.এস/এস.এ/ বি.এস/ সিটি জরিপ)	জমির পরিমাণ	মোট জমি
১.			
২.			

২. এই ছাড়পত্র নিম্নবর্ণিত দ্রব্য/ পণ্য উৎপাদনের লক্ষ্যে ভূমি উন্নয়ন, অবকাঠামো নির্মাণের জন্য প্রযোজ্য:

ক্রমিক নম্বর	উৎপন্ন দ্রব্য/ পণ্য/ কার্যক্রমের নাম	উৎপন্ন দ্রব্য/ পণ্য/ কার্যক্রমের পরিমাণ (ঘণ্টা/ দৈনিক/ মাসিক/ বার্ষিক)
১.		
২.		

৩. তরল বর্জ্য ব্যবস্থাপনার জন্য নিম্নবর্ণিত অবকাঠামো নির্মাণ করতে হবে:

ক্রমিক নম্বর	তরল বর্জ্য ব্যবস্থাপনার ধরন	পরিশোধন ক্ষমতা (ঘণ্টা/ দৈনিক)
১.	তরল বর্জ্য পরিশোধনাগার বা ইটিপি	
২.	পয়বর্জ্য পরিশোধনাগার বা এসটিপি	
৩.	সেপটিক ট্যাংক ও সোকওয়েল	
৪.		

৪. বায়ুদূষণ নিয়ন্ত্রণের জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

ক্রমিক নম্বর	বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা	ক্ষমতা
১.	Fume Suction Hood	
২.	Bag Filter/ESP	
৩.	Scrubber	
৪.	Chimney	উচ্চতা: --------------- মিটার
৫.	Exhaust fan	
৬.	Local exhaust ventilation	
৭.	Water sprinkler/ sprayer	
৮.	Dust suppression equipment	
৯.		

৫. শব্দদূষণ নিয়ন্ত্রণের জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

ক্রমিক নম্বর	শব্দ দূষণ নিয়ন্ত্রণের জন্য গৃহীত ব্যবস্থা
১.	
২.	

৬. বিপজ্জনক বর্জ্য ও ই-বর্জ্য ব্যবস্থাপনার জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

ক্রমিক নম্বর	বর্জ্য ব্যবস্থাপনার ধরন
১.	
২.	

৭. সাধারণ কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

ক্রমিক নম্বর	বর্জ্য ব্যবস্থাপনার ধরন
১.	
২.	

৮. ইটিপি/ এসটিপি-এর স্লাজ সংরক্ষণ, পরিশোধন এবং পরিত্যাজনের জন্য দাখিলকৃত আইইই চেকলিস্টের তথ্যানুসারে প্রয়োজনীয় অবাকাঠামো গড়ে তুলতে হবে।
৯. আইইই চেকলিস্টের সাথে দাখিলকৃত ড্রেনেজ প্ল্যান অনুযায়ী ড্রেনেজ লাইন নির্মাণ করতে হবে।
১০. Storm Water সংরক্ষণের জন্য Retention Pond নির্মাণ করতে হবে।
১১. কারখানায় ব্যবহৃত বিভিন্ন ধরনের রাসায়নিক দ্রব্য Storage, Handling, Transportation এর ক্ষেত্রে Chemical Safety Data Sheet/Protocol অনুসরণ করতে হবে।
১২. কারখানাটিতে ইটিপি-এর Performance monitoring এবং তরল বজ্যের গুণগতমান পরিবীক্ষণের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ দক্ষ জনবল নিয়োগ প্রদানপূর্বক গবেষণাগার স্থাপন করতে হবে।
১৩. কারখানাটির ইটিপি-এর জন্য পৃথক বৈদ্যুতিক মিটার স্থাপন এবং Inlet ও Outlet-এ Flow meter স্থাপন করতে হবে।
১৪. কারখানাটির বায়বীয় নিঃসরণের নমুনা সংগ্রহের লক্ষ্যে Sampling points, Platform with railing এবং সিঁড়ির ব্যবস্থা রাখতে হবে।

(খ) সাধারণ শর্তসমূহ:

১. প্রতিষ্ঠানটির অবকাঠামো উন্নয়ন কার্যক্রম দ্বারা কোনোভাবেই পরিবেশ (মাটি, পানি, বায়ু) দূষণ করা যাবে না।
২. পরিবেশ অধিদপ্তরে পূর্বানুমতি ব্যতীত উৎপাদন প্রক্রিয়া বা কার্যক্রম বৃদ্ধি, নতুন যন্ত্রপাতি স্থাপন, জায়গা সম্প্রসারণ বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তন করা যাবে না।
৩. প্রতিষ্ঠানটির নির্মাণ কার্যক্রম দ্বারা সৃষ্ট শব্দের মাত্রা **শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬**-এর তফসিল-১ এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।
৪. নির্মাণ কার্যক্রমের ফলে সৃষ্ট কঠিন বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে **কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১** অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. প্রতিষ্ঠানটির নির্মাণ কার্যক্রমের ফলে সৃষ্ট বায়বীয় দূষণ নিয়ন্ত্রণে **বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২**-এর তফসিল-৬ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬. কার্বন নিঃসরণ হ্রাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটিতে সোলার পাওয়ারসহ ও লাইটিং কাজে এনার্জি সেভিং বাল্ব ব্যবহার করতে হবে।
৭. ভূগর্ভস্থ পানির ব্যবহার হ্রাসকল্পে Rain water harvesting System গড়ে তুলতে হবে।
৮. প্রতিষ্ঠানের খালি জায়গায় দেশিয় প্রজাতির গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।
৯. প্রতিষ্ঠানের কর্মরত স্টাফ/ কর্মচারী/ শ্রমিকদেরকে পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।
১০. প্রতিষ্ঠানটিতে কর্মরত শ্রমিক কর্মচারীদের জন্য সুপেয় পানীয়জলের ব্যবস্থা নিশ্চিত করতে হবে এবং প্রতিষ্ঠানটিতে স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবস্থা গড়ে তুলতে হবে এবং তা সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
১১. অবস্থানগত ছাড়পত্রের মূলকপি প্রতিষ্ঠানটিতে সংরক্ষণ করতে হবে এবং পরিবেশ অধিদপ্তরের কোনো কর্মকর্তা পরিদর্শনে গেলে তা প্রদর্শন করতে হবে।
১২. প্রতিষ্ঠানটির অবকাঠামো নির্মাণ, যন্ত্রপাতি স্থাপন এবং পরিবেশ দূষণ নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা বাস্তবায়নের পর পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে।
১৩. পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উৎপাদন কার্যক্রম শুরু বা প্রকল্প চালু করা যাবে না।
১৪. প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য অন্যান্য দপ্তর বা সংস্থার প্রয়োজনীয় লাইসেন্স/ অনাপত্তি/ ছাড়পত্র গ্রহণ করতে হবে।
১৫. এ ছাড়পত্র ০১(এক) বছরের জন্য প্রযোজ্য। ছাড়পত্রের মেয়াদ শেষ হওয়ার অন্তত ৩০(ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য আবেদন দাখিল করতে হবে।
১৬. এ ছাড়পত্র প্রতিষ্ঠানটির ভূমির মালিকানা/ স্বত্ব নির্ধারণ করে না।
১৭. এ পর্যায়ে প্রাপ্ত ও পরিবেশিত তথ্যের ভিত্তিতে এ ছাড়পত্র প্রদান করা হলো। পরবর্তীতে কোনো তথ্য অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, অসত্য কিংবা গোপন করা হয়েছে মর্মে প্রমাণিত হলে এ ছাড়পত্র বাতিল হতে পারে।
১৮. উপর্যুক্ত শর্ত এবং অবস্থানগত ছাড়পত্রের প্রদত্ত অন্যান্য শর্তাবলী প্রতিপালনে ব্যর্থ হলে ছাড়পত্র বাতিল হতে পারে এবং বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এবং তদধীন প্রণীত বিধিমালা অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

কমলা-খ শ্রেণির শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র

(ক) বিশেষ শর্তসমূহ:

১. এই ছাড়পত্র নিম্নবর্ণিত তফসিলভুক্ত জমিতে স্থাপিত শিল্প কারখানা/ প্রকল্পের জন্য প্রযোজ্য:

মৌজার নাম	দাগ নম্বর (সি.এস/ আর.এস/এস.এ/ বি.এস/ সিটি জরিপ)	জমির পরিমাণ	মোট জমি

২. এই ছাড়পত্র নিম্নবর্ণিত দ্রব্য/ পণ্য উৎপাদন বা কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য:

ক্রমিক নম্বর	উৎপন্ন দ্রব্য/ পণ্য/ কার্যক্রমের নাম	উৎপন্ন দ্রব্য/ পণ্য/ কার্যক্রমের পরিমাণ (ঘণ্টা/ দৈনিক/ মাসিক/ বার্ষিক)
১.		
২.		

৩. তরল বর্জ্য ব্যবস্থাপনার জন্য নিম্নবর্ণিত পরিশোধন ব্যবস্থা কার্যকরীভাবে চালু রাখতে হবে:

ক্রমিক নম্বর	তরল বর্জ্য ব্যবস্থাপনার ধরন	পরিশোধন ক্ষমতা (ঘণ্টা/ দৈনিক)
১.	তরল বর্জ্য পরিশোধনাগার বা ইটিপি	
২.	পয়বর্জ্য পরিশোধনাগার বা এসটিপি	
৩.	সেপটিক ট্যাংক ও সোকওয়েল	
৪.		

৪. বায়ুদূষণ নিয়ন্ত্রণের জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা কার্যকরীভাবে চালু রাখতে হবে:

ক্রমিক নম্বর	বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা	ক্ষমতা
১.	Fume Suction Hood (ঘনমিটার/ঘণ্টা)	
২.	Bag Filter/ESP	
৩.	Scrubber	
৪.	Chimney	উচ্চতা: --------------- মিটার
৫.	Exhaust fan	
৬.	Local exhaust ventilation	
৭.	Water sprinkler/ sprayer	
৮.	Dust suppression equipment	
৯.		

৫. শব্দদূষণ নিয়ন্ত্রণের জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা কার্যকরীভাবে চালু রাখতে হবে:

ক্রমিক নম্বর	শব্দ দূষণ নিয়ন্ত্রণের জন্য গৃহীত ব্যবস্থা
১.	
২.	

৬. বিপজ্জনক বর্জ্য ও ই-বর্জ্য ব্যবস্থাপনার জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

ক্রমিক নম্বর	বর্জ্য ব্যবস্থাপনার ধরন
১.	
২.	

৭. সাধারণ কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

ক্রমিক নম্বর	বর্জ্য ব্যবস্থাপনার ধরন
১.	
২.	

৪. কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য এবং পয়বর্জ্য যথাযথ প্রক্রিয়ায় মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য এবং পয়বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমণ করা যাবে না। তরল বর্জ্য পরিশোধনাগার বা ইটিপি বা এসটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে।

৫. কারখানাটি চালু অবস্থায় প্রতি ০৩ (তিন) মাস অন্তর অর্থাৎ বছরে ০৪(চার) বার ইটিপি/এসটিপি-এর তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD এবং TSS) সংগ্রহপূর্বক পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

৬. কারখানার তরল বর্জ্য পরিশোধনাগারের নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং রেকর্ড সংরক্ষণ করতে হবে।

৭. ETP/STP-এর স্লাজ Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে ব্যবস্থাপনা করতে হবে।

৮. কারখানার তরল বর্জ্য পরিশোধনাগারের ইনলেট, অ্যারেশন/ বায়োলজিক্যাল ট্যাংক ও আউটলেট পয়েন্ট দৃশ্যমান হয় এমন স্থানে IP Camera স্থাপন করতে হবে।

৯. কারখানার ইটিপি/এসটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP/ STP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার কার্যকরীভাবে পরিচালনা করতে হবে।

১০. কারখানার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট বায়বীয় বর্জ্য নিয়ন্ত্রণের জন্য Dust collection System সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

১১. কারখানাটি চালু অবস্থায় প্রতি ০৩ (তিন) মাস অন্তর অর্থাৎ বছরে ০৪ (চার) বার Stack emission/ Fugitive emission (Particulate Matters, NO_X, SO_2) পরীক্ষাপূর্বক উহার ফলাফল দাখিল করতে হবে।

১২. কারখানাটি চালু অবস্থায় প্রতি ০৩ (তিন) মাস অন্তর অর্থাৎ বছরে ০৪ (চার) বার পরিবেষ্টক বায়ুতে (PM_{10}, $PM_{2.5}$, NO_X এবং SO_2)-এর পরিমান পরীক্ষাপূর্বক উহার ফলাফল দাখিল করতে হবে।

১৩. কারখানায় ব্যবহৃত বিভিন্ন ধরনের রাসায়নিক দ্রব্য Storage, Handling, Transportation এর ক্ষেত্রে Chemical Safety Data Sheet/Protocol অনুসরণ করতে হবে।

১৪. কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে।

১৫. কারখানা/ প্রতিষ্ঠানটিতে Zero Liquid Discharge (ZLD) পরিকল্পনা গ্রহণ করতে হবে এবং তা বাস্তবায়নের লক্ষ্যে উহার একটি কর্মপরিকল্পনা ছাড়পত্র নবায়নকালে পরিবেশ অধিদপ্তরে অনুমোদনের জন্য দাখিল করতে হবে।

(খ) সাধারণ শর্তসমূহ:

১. প্রতিষ্ঠানটির কোনো কর্মকান্ড ও উৎপাদন প্রক্রিয়া দ্বারা কোনোভাবেই পরিবেশ (মাটি, পানি, বায়ু) দূষণ করা যাবে না।

২. পরিবেশ অধিদপ্তরে পূর্বানুমতি ব্যতীত উৎপাদন প্রক্রিয়া বা কার্যক্রম বৃদ্ধি, নতুন যন্ত্রপাতি স্থাপন, জায়গা সম্প্রসারণ বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তন করা যাবে না।

৩. প্রতিষ্ঠানটির কার্যক্রম দ্বারা সৃষ্ট শব্দের মাত্রা **শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬**-এর তফসিল-১ এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

৪. প্রতিষ্ঠানটিতে সৃষ্ট কঠিন বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে **কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১** অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫. প্রতিষ্ঠানটিতে সৃষ্ট বিপজ্জনক বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে **বিপজ্জনক ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১** অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬. প্রতিষ্ঠানটিতে সৃষ্ট বায়বীয় দূষণ নিয়ন্ত্রণে **বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২** অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭. প্রতিষ্ঠানটির কার্যক্রমের ফলে সৃষ্ট পচনশীল ও অপচনশীল বর্জ্য পৃথকভাবে সংরক্ষণ করতে হবে। পচনশীল বর্জ্য জৈবসার উৎপাদন কাজে ব্যবহার করতে হবে অথবা স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে পরিবেশসম্মতভাবে অপসারণ নিশ্চিত করতে হবে।

৮. উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট প্লাস্টিক, ধাতব, গ্লাস ইত্যাদি অপচনশীল বর্জ্য পুনব্যবহারের উদ্দেশে পুনচক্রায়ন অথবা বিক্রয় করতে হবে। পুনচক্রায়নের অনুপযোগী অপচনশীল বর্জ্য পরিবেশসম্মত উপায়ে পরিত্যাজন করতে হবে।

৯. কার্বন নিঃসরণ হ্রাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটিতে সোলার পাওয়ারসহ লাইটিং কাজে এনার্জি সেভিং বাল্ব ব্যবহার করতে হবে।

১০. ভূগর্ভস্থ পানির ব্যবহার হ্রাসকল্পে Rain water harvesting System গড়ে তুলতে হবে।

১১. প্রতিষ্ঠানের খালি জায়গায় দেশিয় প্রজাতির গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

১২. প্রতিষ্ঠানের কর্মরত স্টাফ/ কর্মচারী/ শ্রমিকদেরকে পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

১৩. এ ছাড়পত্র ০১(এক) বছরের জন্য প্রযোজ্য। ছাড়পত্রের মেয়াদ শেষ হওয়ার অন্তত ৩০(ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য আবেদন দাখিল করতে হবে।

১৪. প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য অন্যান্য দপ্তর বা সংস্থার প্রয়োজনীয় লাইসেন্স/ অনাপত্তি/ ছাড়পত্র গ্রহণ করতে হবে এবং ছাড়পত্র নবায়নের সময় উহার হালনাগাদ কপি দাখিল করতে হবে।

১৫. এ ছাড়পত্র প্রতিষ্ঠানটির ভূমির মালিকানা/ স্বত্ব নির্ধারণ করে না।

১৬. এ পর্যায়ে প্রাপ্ত ও পরিবেশিত তথ্যের ভিত্তিতে এ ছাড়পত্র প্রদান করা হলো। পরবর্তীতে কোনো তথ্য অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, অসত্য কিংবা গোপন করা হয়েছে মর্মে প্রমাণিত হলে এ ছাড়পত্র বাতিল হতে পারে।

১৭. উপর্যুক্ত শর্ত এবং পরিবেশগত ছাড়পত্রের প্রদত্ত অন্যান্য শর্তাবলী প্রতিপালনে ব্যর্থ হলে ছাড়পত্র বাতিল হতে পারে এবং বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এবং তদধীন প্রণীত বিধিমালা অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

কমলা-খ শ্রেণির শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র নবায়ন)

১. অনলাইনে আবেদন (ecc.doe.gov.bd);

২. অবস্থানগত/ পরিবেশগত ছাড়পত্র নবায়ন ফি এবং ভ্যাট;

৩. অবস্থানগত/ পরিবেশগত ছাড়পত্রে প্রদত্ত শর্তানুযায়ী প্রদেয় কাগজপত্রসমূহ, যেমন:

- নির্গত অথবা নিঃসরিত বর্জ্যের (তরল/ বায়বীয়) গুণগতমান পরীক্ষার ফলাফল;
- বি.এস.টি.আই এর লাইসেন্স;
- হালনাগাদ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের লাইসেন্স;

৪. প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।